গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ।

স্মারক নং-০৫.৪৪.৪৪৭১.০০০.০১.০২২.২০-২৯ তারিখ: ২০/০১/২০২০ খ্রী.

## অস্থায়ী ভিত্তিতে শুমারিকর্মী (গননাকারী ও সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নির্বাচনের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি(টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রশিক্ষণ: ৪০০/-(প্রতিদিন)<br>পারিতোষিক: ৮৫০০/-(ভ্যাট সহ, মোট) | ১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) সুন্দর হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী/গণনাকারী | প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন।<br>পারিতোষিক: ৮০০০/-(ভ্যাট সহ, মোট) | ১) ন্যূনতম এইচএসসি/সমমানেরপাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নূন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৬) সুন্দর হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**বি:দ্র:** উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

**শর্তাবলী:**

১) উপজেলা পরিসংখ্যান কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইট (www.moheshpur.jhenaidah.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়াও আবেদনের নির্ধারিত ফরম উপজেলা ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে সংগ্রহ করা যাবে।

২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকরী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী)খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।

৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬)লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্যকোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৮) সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম ও ইউনিয়ন উল্লেখপূর্বক আগামী ৩১/০১/২০২০ খি: তারিখের মধ্যে মহেশপুর উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১০) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ও উপজেলা পরিসংখ্যান অফিস এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা নির্বাহী অফিসারের ওয়েবসাইটেও (www. moheshpur.jhenaidah.gov.bd) প্রকাশ করা হবে। একইসাথে মোবাইলে মেসেজ প্রদানের মাধ্যমে জানানো হবে।

১১) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।

১২) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।

১৩) **নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

১৪) বৈধ প্রার্থীর তালিকা ও সাক্ষাৎকারের তারিখ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ও উপজেলা পরিসংখ্যান অফিস এর নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়া হবে।

20.01.2020

সুজন সরকার
উপজেলা নির্বাহী অফিসার (অ: দা:)
মহেশপুর,ঝিনাইদহ।
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা-২০২১
মহেশপুর,ঝিনাইদহ।

ছবি

# আবেদন ফরম

ফরমনং-______________

**পদের নাম: গণনাকারী / সুপারভাইজার** (নির্দিষ্ট পদের উপরে টিক চিহ্ন (√) দিন )

1. প্রার্থীর নাম : বাংলায় : ______________
   ইংরেজি বড় অক্ষরে : ______________
2. পিতার নাম : বাংলায় : ______________
   ইংরেজি বড় অক্ষরে : ______________
3. মাতার নাম : বাংলায় : ______________
   ইংরেজি বড় অক্ষরে : ______________
4. বর্তমান ঠিকানা (ইংরেজিবড়অক্ষরে) বাসা/বাড়ী : ______________
   গ্রাম/ রাস্তা : ______________
   পোস্টঅফিস : ______________
   ইউনিয়ন : ______________
   উপজেলা ও জেলা : ______________
5. জাতীয় পরিচয়পত্রের নম্বর (ইংরেজিতে) : ______________
6. জন্মতারিখ (ইংরেজিতে) ও বয়স (০১/০২/২০২০ খ্রি.তারিখ অনুযায়ী) : ______________
7. যে মৌজায় কাজ করতেআগ্রহী (সর্বোচ্চ ০২টি মৌজার নাম লিখুন) : ______________
8. শুমারি/জরিপকাজেপূর্বঅভিজ্ঞতারবিবরণ (যদিথাকে) : ______________
9. মোবাইল নম্বর (ইংরেজিতে) : ______________
10. নিজস্ব স্মার্টফোন আছেকিনা? (বামপার্শ্বেটিকচিহ্নদিন) হ্যাঁ / না — উত্তরহ্যাঁহলে আপনারফোনের Android Verson:……., আপনারফোনেরস্ক্রীনসাইজ………..ইঞ্চি
11. শিক্ষাগতযোগ্যতা :

| পরীক্ষারনাম | বিভাগ/বিষয় | প্রাপ্তজিপিএ/ সিজিপিএ/শ্রেণি | পাশেরসন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ | | | 0 | 1 | 2 | 0 | 2 | 0 |

প্রার্থীরস্বাক্ষর

**সংযুক্তিসমূহঃ**

ক) সকল শিক্ষাগতযোগ্যতার সনদপত্রের অনুলিপি।

খ) জাতীয় পরিচয়পত্র ও নাগরিক সনদের অনুলিপি।

গ) সদ্যতোলা ০১ (এক) কপিপাসপোর্টসাইজেরছবি।